# প্রেস এক্রিডিটেশন নীতিমালা (Guidelines)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির গঠন ও বাংলাদেশে কর্মরত মিডিয়া প্রতিনিধিদের প্রেস অ্যাক্রিডিটেশন সংক্রান্ত সংশোধিত নীতিমালা

বাংলাদেশ সরকার বাংলাদেশী এবং বিদেশী নিউজ মিডিয়ার প্রতিনিধি বা প্রতিনিধিবৃন্দের সরকারি কার্যক্রম প্রচারের জন্য পেশাগত দায়িত্ব পালনে সহায়তার লক্ষ্যে অ্যাক্রিডিটেশন প্রদান বিষয়ে নিম্নবর্ণিত এ নীতিমালাটি অনুমোদন করেছে।

১. সংক্ষিপ্ত শিরোনাম : এ নীতিমালা " প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা" হিসেবে অভিহিত হবে।

২. মেয়াদকাল :

২.১ এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে;

২.২ এ নীতিমালাটি বাংলাদেশের নিউজ মিডিয়া সংস্থার প্রতিনিধি এবং বাংলাদেশে কর্মরত বিদেশী সাংবাদিক বা মিডিয়া প্রতিনিধিদের প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু করার জন্য প্রযোজ্য হবে;

২.৩ এ নীতিমালা নিউজ মিডিয়া প্রতিনিধিদের অ্যাক্রিডিটেশন প্রদান সংক্রান্ত পূর্বের সকল কার্যক্রম এবং নীতিমালাকে প্রতিস্থাপন করবে। তবে পূর্বে যে সকল নিউজ মিডিয়া প্রতিনিধিদের অ্যাক্রিডিটেশন প্রদান করা হয়েছিলো তা বর্তমান প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি কর্তৃক বাতিল বা স্থগিত করা না হলে তা কার্যকর থাকবে।

সংশোধনী

২.৪ এ নীতিমালা সংশোধিত বা পরিবর্তিত বা সংযোজিত করা যাবে যদি প্রধান তথ্য অফিসার বা প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য এ বিষয়ে কোন প্রস্তাব উত্থাপন করেন।

সংজ্ঞা

৩.১ প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা বাংলাদেশের নিউজ মিডিয়া প্রতিনিধি এবং বাংলাদেশে কর্মরত বিদেশী সাংবাদিক এবং মিডিয়া প্রতিনিধিদের অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু করার সকল কার্যক্রমকে বুঝাবে;

৩.২ সংবাদপত্র বলতে প্রেস ও পাবলিকেশন এ্যাক্ট, ১৯৭৩ অনুযায়ী জনস্বার্থে প্রতিদিন কিংবা নির্দিষ্ট সময়ের অন্তরে প্রকাশিত মুদ্রিত প্রকাশনাকে বুঝাবে, কোন গোষ্ঠির স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ের তথ্য সমৃদ্ধ প্রকাশনাকে বুঝাবে না;

৩.৩ রিপোর্টিং নেটওয়ার্কিং বা অডিও ভিজুয়াল নেটওয়ার্ক এর মাধ্যমে জনস্বার্থ বিষয়ে সংবাদ ও মতামত প্রদানকারী ওয়্যার বা নন-ওয়্যার সার্ভিসও নিউজ মিডিয়ার অন্তর্ভুক্ত হবে;

৩.৪ অ্যাক্রিডিটেশন বলতে নিউজ মিডিয়া প্রতিনিধিদের সরকারের বিভিন্ন সংবাদ উৎস, তথ্য অধিদফতর এবং বাংলাদেশ সরকারের বিভিন্ন সংস্থা কর্তৃক ইস্যুকৃত সংবাদ ম্যাটেরিয়াল, ছবি, লিখিত তথ্য প্রাপ্যতার বাংলাদেশ সরকারের স্বীকৃতিকে বুঝাবে;

৩.৫ প্রধান তথ্য অফিসার বা পিআইও বলতে বাংলাদেশ সরকারের তথ্য অধিদফতরের প্রধান তথ্য অফিসারকে বুঝাবে

৩.৬ কর্মরত সাংবাদিক বলতে মজুরী বোর্ড রোয়েদাদ, ২০০৮ অনুযায়ী বর্ণিত সাংবাদিককে বুঝাবে।

৪. <u>প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির গঠন এবং কার্যপরিধি</u>

৪.১ তথ্য মন্ত্রণালয় তথ্য অধিদফতরের প্রধান তথ্য অফিসার, পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহিঃপ্রচার অনুবিভাগের মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদফতরের মহাপরিচালক, তথ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি(উপ-সচিবের পদ মর্যাদার নীচে নয়) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিবের পদ মর্যাদার নীচে নয়) জাতীয় দৈনিক পত্রিকার একজন সম্পাদক, বেসরকারি ইলেকট্রনিক মিডিয়ার একজন প্রতিনিধি এবং জাতীয় দৈনিক পত্রিকার একজন চিফ রিপোর্টার সমন্বয়ে প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি গঠন করবে;

৪.২ তথ্য অধিদফতরের প্রধান তথ্য অফিসার প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির সভায় সভাপতিত্ব করবেন এবং তথ্য অধিদফতরের সিনিয়র উপ-প্রধান তথ্য অফিসার (প্রটোকল) সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন এবং সভার সকল রেকর্ড ও কার্যবিবরণী সংরক্ষণ করবেন। সিনিয়র উপ-প্রধান তথ্য অফিসার(প্রটোকল) প্রধান তথ্য অফিসারের সাথে আলোচনাক্রমে প্রয়োজন অনুযায়ী সভা আহ্বান করবেন;

৪.৩ প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি প্রতি ছয়মাসে অন্ততঃপক্ষে একবার এবং প্রধান তথ্য অফিসারের অভিপ্রায় অনুযায়ী আরো ঘন ঘন সভায় মিলিত হবেন;

৫. <u>অ্যাক্রিডিটেশন প্রদানের নিয়মাবলী</u>

৫.১ এ নীতিমালার আওতায় সরকার অনুমোদিত সংবাদ সংস্থা ও বেসরকারি ইলেকট্রনিক মিডিয়া এবং তথ্য মন্ত্রণালয়ের অডিট ব্যুরো অব সার্কুলেশন কর্তৃক মিডিয়া তালিকাভুক্ত সংবাদপত্র ও সাময়িকীতে কর্মরত সাংবাদিকদের অ্যাক্রিডিটেশন প্রদান করা হবে। যে ধরণের ক্যাটেরিভুক্ত মিডিয়া প্রতিনিধিগণ অ্যাক্রিডিটেশন পাবেন সেগুলো হলো : সম্পাদক-কাম রিপোর্টার, ক্যামেরাম্যান, ফটোগ্রাফার, ক্রীড়া সাংবাদিক, বৈজ্ঞানিক রিপোর্টার বা প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি কর্তৃক নির্ধারিত মিডিয়া প্রতিনিধি;

৫.২ নিউজ নেটওয়ার্ক বা অডিও-ভিজ্যুয়াল কভারেজের সাথে সম্পৃক্ত সরকারি নিউজ মিডিয়া সংস্থার প্রতিনিধিগণও অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্য হবেন;

৫.৩ এ অ্যাক্রিডিটেশন কোন কর্মকর্তা বা নিউজ মিডিয়া প্রতিনিধিকে বিশেষ মর্যাদা দিবে না বরং জনস্বার্থে কর্মরত কোন পেশাদার সাংবাদিক হিসেবে স্বীকৃতি দিবে;

৫.৪ সাংবাদিকতার কাজ ছাড়া কোন কাজে এ অ্যাক্রিডিটেশন ব্যবহার করা যাবে না;

৫.৫ অ্যাক্রিডিটেশন কার্ডধারী কোন প্রতিনিধি তার ভিজিটিং কার্ডসহ প্যাড বা চিঠি বা অন্য কোথাও "বাংলাদেশ সরকার কর্তৃক অ্যাক্রিডিটেশন প্রাপ্ত" কথাগুলি লিখতে পারবেন না;

৫.৬ যখন কোন অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্ত প্রতিনিধি মিডিয়া সংস্থার প্রতিনিধিত্ব করা থেকে বিরত থাকেন, তখন অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্ত ঐ প্রতিনিধি এবং তার সংস্থা দায়িত্ব হচ্ছে প্রধান তথ্য অফিসারকে লিখিতভাবে তা জানানো এবং ১৫ দিনের মধ্যে প্রাপ্ত অ্যাক্রিডিটেশন কার্ড তথ্য অধিদফতরে ফেরত প্রদান করা। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট সম্পাদকের দায়িত্ব ঐ কার্ডটি সংগ্রহ করে তা যথাযথ কর্তৃপক্ষের নিকট জমা দান করা। তা করতে ব্যর্থ হলে ভবিষ্যতে অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির ক্ষেত্রে ঐ ব্যক্তি এবং সংশ্লিষ্ট সংস্থা উভয়েই অনুপযুক্ত বলে বিবেচিত হবেন। এ ক্ষেত্রে দায়ী সাংবাদিকদের নাম সংবাদপত্রে প্রকাশ করা হবে;

৫.৭ মিডিয়ার সংস্থার প্রকাশনা বা সম্প্রচার বন্ধ হলে ঐ সংস্থার মিডিয়া প্রতিনিধির অনুকূলে প্রদত্ত অ্যাক্রিডিটেশন কার্ড প্রত্যাহার করা হবে;

৫.৮ অ্যাক্রিডিটেশন কোন ব্যক্তির অনুকূলে প্রদান করা হয় এবং তা বদলযোগ্য নয়;

৫.৯ একজন অ্যাক্রিডিটেশন পাওয়ার উপযোগী প্রতিনিধির অনুকূলে একটি অ্যাক্রিডিটেশন কার্ড প্রদান করা হবে;

৫.১০ অ্যাক্রিডিটেশন প্রাপ্ত বিদেশী সংবাদদাতারা পেশাগত দায়িত্ব পালনে বাংলাদেশের বাইরে ভ্রমণে গেলে তাদের কর্মসূচি লিখিতভাবে পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহিঃপ্রচার অনুবিভাগের মহাপরিচালক এবং প্রধান তথ্য অফিসারকে জানাবেন;

৫.১১ অ্যাক্রিডিটেশন কার্ডের মেয়াদকাল হবে তিন বছর। অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যুর তারিখ ও মেয়াদ উত্তীর্ণের তারিখ পরিস্কারভাবে উল্লেখ থাকতে হবে;

৫.১২ কর্মরত সাংবাদিকদের পেশাগত দায়িত্ব পালনে সহায়তার জন্য অ্যাক্রিডেটেশন কার্ড ইস্যু করা হয়। এই কার্ড কোন বিধিবদ্ধ বা আইনগত প্রাপ্যতার প্রেক্ষিতে প্রদান করা হয় না। অ্যাক্রিডিটেশন কার্ড নীতিমালা নির্বাহি আদেশে তৈরি হয়। যখন অ্যাক্রিডিটেশন কার্ড প্রদান বিষয়ে নির্ধারিত সময়ে পর্যালোচনা করা হবে তখন কর্তৃপক্ষ কোন কার্ড স্থগিত বা বাতিল করার জন্য স্বেচ্ছাধীন ক্ষমতা ব্যবহার করতে পারে। তবে কোন কার্ড বাতিলের পূর্বে কার্ডধারীকে নোটিশ প্রদান করতে হবে;

৫.১৩ অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির ক্ষেত্রে যে কোন প্রকাশনায় কমপক্ষে ৫০ ভাগ জনস্বার্থ সংশ্লিষ্ট সংবাদ ও মতামত প্রকাশিত হতে হবে। এসব সংবাদ ও তথ্য অবশ্যই বাংলাদেশ সরকারের সদর দফতরের সূত্র হতে হবে;

৫.১৪ যে সকল প্রকাশনায় কোন বিশেষ স্বার্থ সংশ্লিষ্ট বিষয় যেমন **House journal**, কারিগরী বা পেশাগত তথ্যাদি প্রচারিত হয় সেগুলি অ্যাক্রিডিটেশন কার্ড পাওয়ার যোগ্য নয়;

৫.১৫ কোন ক্যাবল অপারেটর যদি ক্যাবল টেলিভিশন নেটওয়ার্কের মাধ্যমে ক্যাবল টেলিভিশন সার্ভিস প্রদান করেন তবে তার সংস্থা অ্যাক্রিডিটেশন কার্ড পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে না;

৫.১৬ যদি কোন আবেদনকারী বা মিডিয়া প্রতিষ্ঠান অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির ক্ষেত্রে মিথ্যা/প্রতারণামূলক/জাল-তথ্য/প্রতিনিধির প্রমাণপত্র সরবরাহ করে তবে প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ঐ আবেদনকারী বা মিডিয়া প্রতিষ্ঠানকে সর্বনিম্ন দু'বছর এবং সর্বোচ্চ পাঁচ বছর পর্যন্ত প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তি থেকে বঞ্চিত করা হবে।

৬. অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যুর সাধারণ শর্তাবলী:

কোন সংবাদ সংস্থা বা অন্য কোন সংস্থার একজন সংবাদদাতা/ফটো সাংবাদিক/সদস্যের অ্যাক্রিডিটেশন কার্ডের জন্য আবেদন করতে হলে নিম্নলিখিত শর্তাবলী পূরণ করতে হবে :

৬.১ অ্যাক্রিডিটেশন কার্ডের মেয়াদকাল তাকে বাংলাদেশে বসবাস করতে হবে;

৬.২ তাকে সংশ্লিষ্ট নিউজ মিডিয়া পূর্ণকালীন সম্পাদক-কাম সংবাদদাতা, বার্তা সম্পাদক কাম সংবাদদাতা, রিপোর্টার বা ফটোসাংবাদিক হতে হবে এবং তিনি অন্য কোন ব্যবসা বা পেশায় যুক্ত হতে পারবেন না;

৬.৩ আবেদন করার সময় তার অন্তত: পক্ষে পাঁচ বছরের সাংবাদিকতার অভিজ্ঞতা থাকতে হবে;

৬.৪ বিদেশী মিডিয়ায় প্রতিনিধিত্বকারী বিদেশী বা বাংলাদেশী সাংবাদিকদের অ্যাক্রিডিটেশন কার্ডের আবেদনের সাথে তার নিয়োগপত্র বা চুক্তিপত্র প্রদান করতে হবে এবং এসব সাংবাদিকদের প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রদানের বিষয়ে প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির সভায় আবেদন যাচাই বাছাই করে গুরুত্বানুযায়ী অ্যাক্রিডিটেশন কার্ড প্রদানের সিদ্ধান্ত নেয়া হবে।

নিউজ এজেন্সি

৬.৫ একটি নিউজ এজেন্সির টেলিগ্রাফিক বা ইলেকট্রনিক বা ইন্টারনেটের মাধ্যমে সংবাদ সরবরাহ বা গ্রহণের ব্যবস্থা থাকতে হবে এবং বাংলাদেশে তাদের অর্থের বিনিময়ে সংবাদ আদান প্রদানের গ্রাহক সংস্থা থাকতে হবে।

৬.৬ একটি নিউজ ফটো এজেন্সির কমপক্ষে দশটি গ্রাহক সংস্থা থাকতে হবে;

৬.৭ একটি ফিচার এজেন্সির অন্তত: পক্ষে দশটি গ্রাহক নিউজ মিডিয়া সংস্থা থাকতে হবে;

৬.৮ ওয়্যার এজেন্সিসমূহকে বাণিজ্যিকভিত্তিতে নিউজ মিডিয়া সংস্থাসহ বিভিন্ন অডিও ভিজ্যুয়াল নেটওয়ার্ককে সার্ভিস প্রদান করতে হবে।

সংবাদপত্র ও সাময়িকী

৬.৯ অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির ক্ষেত্রে ঢাকা থেকে প্রকাশিত একটি দৈনিক সংবাদপত্রের প্রচার সংখ্যা কমপক্ষে ৬,০০০(ছয় হাজার), চট্টগ্রাম থেকে প্রকাশিত সংবাদপত্রের দৈনিক কমপক্ষে ৪,০০০(চার হাজার) এবং মফস্বল থেকে প্রকাশিত সংবাদপত্রের দৈনিক কমপক্ষে ৩,০০০(তিন হাজার) হতে হবে;

৬.১০ ঢাকা থেকে প্রকাশিত কোন সাপ্তাহিকীর প্রচার সংখ্যা সপ্তাহে কমপক্ষে ৩,০০০(তিন হাজার) এবং চট্টগ্রাম এবং মফস্বল থেকে প্রকাশিত সংবাদপত্রের যথাক্রমে সপ্তাহে ২,০০০(দুই হাজার) ও ১,০০০(এক হাজার) হতে হবে;

৬.১১ অর্থনীতি/বিজ্ঞান/কারিগরী/পরিবেশ/স্বাস্থ্য বা জেন্ডার বিষয়ে প্রকাশিত কোন পত্রিকের যদি নিয়মিতভাবে তিন সনের প্রকাশনার নমুনা থাকে এবং প্রচার সংখ্যা যদি প্রতি পক্ষে ৩,০০০(তিন হাজার) হয়, তবে তা অ্যাক্রিডিটেশন প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হবে;

৬.১২ অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির জন্য কোন নিউজ মিডিয়া সংস্থার সাথে জড়িত নয় এরকম কোন ব্যক্তির আবেদন প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি বিবেচনা করতে পারেন যদি ঐ ব্যক্তির ১৫ বছরের পূর্বকালীন সাংবাদিকতার অভিজ্ঞতা থাকে এবং সাংবাদিকতা পেশার মাধ্যমে তার বছরে অন্ততপক্ষে ৪০,০০০(চল্লিশ হাজার) টাকা আয় থাকে;

৬.১৩ বিদেশী নিউজ মিডিয়ায় কর্মরত কোন বিদেশী বা বাংলাদেশী সাংবাদিক বা ক্যামেরাম্যানের ক্ষেত্রে কোন স্বীকৃত মিডিয়া সংস্থার পাঁচ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে;

৬.১৪ বিদেশী মিডিয়া সংস্থার কর্মরত কোন বিদেশী সাংবাদিকদের অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির ক্ষেত্রে বাংলাদেশে বসবাসের বৈধ অনুমতি পত্র থাকতে হবে।

৭. অ্যাক্রিডিটেশন কার্ড প্রদানের প্রক্রিয়া

৭.১ অ্যাক্রিডিটেশন কার্ড পাওয়ার জন্য আগ্রহী একজন মিডিয়া প্রতিনিধিকে নির্ধারিত ফরমে প্রধান তথ্য অফিসারের নিকট আবেদন করতে হবে;

৭.২ অ্যাক্রিডিটেশনের পূর্ণাঙ্গ আবেদন আবেদনকারীর চারিত্রিক সনদপত্র প্রত্যয়নের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রত্যয়নের পর এ ধরণের সকল আবেদন অনুমোদনের জন্য প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির সভায় উপস্থাপন করতে হবে;

৭.৩ প্রধান তথ্য অফিসারেরর স্বাক্ষরে অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু করা হবে এবং নির্ধারিত ফরমে যথাযথভাবে আবেদন করা হলে তা নবায়ন করা হবে। অ্যাক্রিডিটেশন কার্ড বাংলা ও ইংরেজী উভয় ভাষায় মুদ্রিত হতে হবে;

৭.৪ প্রধান তথ্য অফিসার অস্থায়ীভিত্তিতে ছয় মাসের জন্য অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু করতে পারেন যদি কোন আবেদনকারী স্থায়ীভাবে কার্ড প্রাপ্তির ক্ষেত্রে যে নিয়মাবলী রয়েছে তা পূরণ করেন;

৭.৫ প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি যদি কোন কারণে একজন আবেদনকারীর অ্যাক্রিডিটেশন অনুমোদন না করে তবে তা কমিটির সভার কার্যবিবরণীতে যথাযথভাবে উল্লেখ করতে হবে এবং এ সিদ্ধান্ত আবেদনকারী এবং সংশ্লিষ্ট নিউজ মিডিয়া সংস্থাকে জানাতে হবে;

৭.৬ সংক্ষুব্ধ আবেদনকারী বা সংশ্লিষ্ট মিডিয়া সংস্থা প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির পুনর্বিবেচনার জন্য আবার আবেদন করতে পারবেন।

৮. অ্যাক্রিডিটেশন স্থগিত ও প্রত্যাহার

৮.১ যখন কোন প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডধারী মিডিয়া ব্যক্তি/কর্মী কর্মস্থল পরিবর্তন করবে তখন তার বর্তমান প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড আপনা আপনি বাতিল হবে বলে গণ্য হবে এবং তিনি নতুন অ্যাক্রিডিটেশন কার্ডের জন্য আবেদন করতে পারবেন;

৮.২ যদি কোন প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডধারী মিডিয়াব্যক্তি তার কর্মস্থল থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দ্বারা বরখাস্ত/অপসারিত হন তখন তার কার্ড আপনাআপনি বাতিল বলে গণ্য হবে। এরকম ক্ষেত্রে সংশ্লিষ্ট মিডিয়া সংস্থা এক সপ্তাহের মধ্যে বিষয়টি অবশ্যই তথ্য অধিদপ্তরকে অবহিত করবে;

৮.৩ যদি কোন অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্ত মিডিয়া ব্যক্তিত্ব কোন অপরাধে দোষী সাব্যস্ত হয় এবং তার জরিমানা বা জেল হয় তবে তার প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড আপনাআপনি বাতিল হবে;

৮.৪ প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডের অপব্যবহার হলে তা অপরাধ হিসেবে গণ্য হবে এবং এ ধরণের ঘটনায় তথ্য অধিদফতরের অ্যাক্রিডিটেশন কার্ড বাতিলের অধিকার থাকবে;

৮.৫ কোন অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্ত মিডিয়া ব্যক্তিত্ব বাংলাদেশ প্রেস কাউন্সিল কর্তৃক প্রণীত কোড অব কনডাক্ট অথবা সরকার কর্তৃক অনুমোদিত প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালার কোন শর্ত লংঘন করলে তার অ্যাক্রিডিটেশন কার্ড আপনাআপনি বাতিল হবে;

৮.৬ যদি কোন মিডিয়া ব্যক্তিত্ব নিজের বা তার সংস্থা সম্পর্কে ভুল তথ্য দেন তবে তার প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড বাতিল করা হবে;

৮.৭ উপ অনুচ্ছেদ ৮.১ থেকে ৮.৬ এ বর্ণিত যে কোন ঘটনার কারণে প্রধান তথ্য অফিসার বা তার মনোনীত কোন কর্মকর্তা প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড বাতিল বা স্থগিত বা প্রত্যাহার করার অধিকার সংরক্ষণ করে;

৮.৮ তথ্য অধিদফতর বছরে কমপক্ষে একবার ইস্যুকৃত সকল প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডের মেয়াদ উত্তীর্ণের তারিখ পরীক্ষা করবে এবং নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার পর যে সেকল মিডিয়া কর্মী অ্যাক্রিডিটেশন কার্ড নবায়নের জন্য আবেদন করবে না, নোটিফিকেশনের মাধ্যমে তাদের কার্ড আনুষ্ঠানিকভাবে বাতিল করবে;

৮.৯ উপরন্তু প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডধারী কোন মিডিয়া কর্মীর কার্ডের মেয়াদ উত্তীর্ণ হওয়ার ১৫ দিনের মধ্যে নবায়নের জন্য তথ্য অধিদফতরে আবেদন করতে হবে অন্যথায় তার নামে অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু বা নবায়ন করা হবে না।

৮.১০ প্রধান তথ্য অফিসার উপরে বর্ণিত কারণে অ্যাক্রিডিটেশন কার্ডধারী কোন মিডিয়া কর্মীর কার্ড স্থগিত বা প্রত্যাহারের ক্ষমতাপ্রাপ্ত হবেন কিন্তু এ ধরনের ঘটনাগুলি প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির অনুমোদনের জন্য অবশ্য প্রেরণ করতে হবে;

৮.১১ অ্যাক্রিডিটেশনের শর্তসমূহ অমান্য করলে তা প্রত্যাহার করা যাবে।

৯. <u>পর্যালোচনা :</u>

মিডিয়া প্রতিনিধিদের অ্যাক্রিডিটেশন কার্ড প্রতি তিন মাস অন্তর নিয়মিতভাবে পর্যালোচনা করতে হবে।

৯.১ এ লক্ষে সংবাদপত্র এবং নিউজ এজেন্সির প্রচার সংখ্যা, রাজস্ব আয় সম্পর্কিত তথ্য, অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্ত মিডিয়া প্রতিনিধির প্রকাশিত সংবাদের ক্লিপিং বা ছবি বা টোপ শীট সংশ্লিষ্ট মিডিয়া প্রতিনিধি বা সংস্থার নিকট থেকে চাওয়া যেতে পারে;

৯.২ বিদেশী নিউজ মিডিয়া প্রতিনিধিদের সত্যতা যাচাইয়ের জন্য তথ্য অধিদফতর ঐ সকল প্রতিনিধিদের প্রকাশিত সংবাদ পর্যালোচনার জন্য চাইতে পারে অথবা ঐ সকল প্রতিনিধিদের পেশাগত কাজ যাচাইয়ের জন্য বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহের সাথে আলোচনা করতে পারেন;

৯.৩ কোন অ্যাক্রিডিটেশন কার্ডধারী পর্যালোচনার দিন থেকে ১২ মাসে তিনবার বাংলাদেশ প্রেস কাউন্সিল কর্তৃক প্রণীত কোড অব কনডাক্ট লংঘন করলে প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি তা পর্যালোচনা করে স্থগিত ও বাতিল করতে পারেন।

১০. <u>ফ্রিল্যান্স সাংবাদিকদের অ্যাক্রিডিটেশন প্রদানের শর্তাবলী :</u>

১০.১ অবসরপ্রাপ্ত অভিজ্ঞ সম্পাদকগণকে ফ্রিল্যান্স সাংবাদিক হিসেবে মর্যাদা দেয়া হবে;

১০.২ ফ্রিল্যান্স সাংবাদিক হিসেবে অ্যাক্রিডিটেশন কার্ড প্রদানের ক্ষেত্রে আবেদন প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির নিকট উপস্থাপন করতে হবে;

১০.৩ একজন ফ্রিল্যান্স সাংবাদিক হিসেবে অ্যাক্রিডিটেশন পেতে হলে আবেদনকারীকে তার অন্ততঃ তিন বছরের অভিজ্ঞতার কাগজপত্র এবং প্রশিক্ষণের কাগজপত্র তথ্য অধিদফতরে দাখিল করতে হবে;

১০.৪ একজন ফ্রিল্যান্স সাংবাদিক স্থায়ী বা অস্থায়ী অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্য হবেন।

১১. স্থায়ী অ্যাক্রিডিটেশন কার্ড প্রদানের শর্তসমূহ:

১১.১ সংবাদপত্র, সংবাদসংস্থা এবং ইলেক্ট্রনিক মিডিয়ার সম্পাদক, ব্যুরোচিফ, চিফ রিপোর্টার, প্রধান বার্ত সম্পাদক, পরিচালক (বার্তা), পরিচালক (অনুষ্ঠান), নির্বাহি প্রযোজক, বার্তা নিয়ন্ত্রক, উপ-বার্তা নিয়ন্ত্রক উপনিয়ন্ত্রক, ক্যামেরাম্যান, মহাপরিচালক, উপমহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (বার্তা ও অনুষ্ঠান এবং রিপোর্টারগণ কমপক্ষে পাঁচ বৎসর ধারাবাহিকভাবে অস্থায়ী অ্যাক্রিডিটেশন কার্ড ব্যবহার করলে স্থা প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন;

১১.২ একজন মিডিয়া প্রতিনিধি যখন প্রথম স্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডের জন্য আবেদন করবেন তখন তা তথ্য অধিদফতর কর্তৃক ছাপানো ফরম মোতাবেক জীবনবৃত্তান্ত জমা দিতে হবে;

১১.৩ একজন মিডিয়া প্রতিনিধি বাংলাদেশী পাসপোর্টধারী হলে এবং তার পাসপোর্টে সাংবাদিকতা পেশা উল্লে থাকলে তার স্থায়ী অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির ক্ষেত্রে পুলিশের ছাড়পত্রের প্রয়োজন হবে না; সমা বিশে তাদের গেজেটেড অফিসার দ্বারা পাসপোর্টের সত্যায়িত কপি জমা দিতে হবে;

১১.৪ সংবাদপত্র এবং ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধিগণ বাংলাদেশী পাসপোর্টধারী হলে এবং স্বরাষ্ট্র মন্ত্রণাল নির্ধারিত ফরমে পুলিশ ক্লিয়ারেন্সের জন্য তাদের নাম পাঠানোর ছয় সপ্তাহের মধ্যে প্রতিবেদন না পাও গেলে ঐ প্রতিনিধির নামে স্থায়ী অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু করা যাবে।

১২. অস্থায়ী অ্যাক্রিডিটেশন কার্ড পাওয়ার শর্তাবলী:

১২.১ কনিষ্ঠতম এবং শিক্ষানবীস সাংবাদিকগণ অস্থায়ী অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্য হবেন;

১২.২ বাংলাদেশে সফররত বিদেশী সাংবাদিকগণ পেশাগত কাজে তাদের সফরের কাগজপত্র এবং সাংবাদিকত কাগজপত্র প্রদান করতে পারলে তারা অস্থায়ী অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্য হবেন;

১২.৩ ফ্রিল্যান্স সাংবাদিকগণ পেশাগত এবং অন্যান্য চাহিদা সাপেক্ষে কাগজপত্র প্রদান করতে পারলে অস্থ অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্য হবেন;

১২.৪ অস্থায়ী কার্ডের মেয়াদ সর্বোচ্চ ১বছর হবে;

১২.৫ মেয়াদ উত্তীর্ণ হলে সকল অস্থায়ী অ্যাক্রিডিটেশন কার্ড তথ্য অধিদফতরে জমা দিতে হবে;

১২.৬ সরকারি মিডিয়া সংস্থার কর্মকর্তা ও প্রতিনিধিদের অস্থায়ী অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির জন্য তা অভিজ্ঞতার বর্ণনা দিতে হবে। *

১৩. নিউজ মিডিয়ার সর্বোচ্চ কার্ড প্রাপ্তির বিভাজন:

| ১৩.১ | দৈনিক সংবাদপত্র (বাংলা) | সর্বোচ্চ কার্ড প্রাপ্তির সংখ্যা |
|---|---|---|
| (ক) | দৈনিক প্রচার সংখ্যা এক লাখ বা তদুর্ধ্বের জন্য | ২৫টি |
| (খ) | দৈনিক প্রচার সংখ্যা পঞ্চাশ হাজার থেকে এক লাখ পর্যন্তের জন্য | ২০টি |
| (গ) | দৈনিক প্রচার সংখ্যা ২০ হাজার থেকে পঞ্চাশ হাজার পর্যন্তের জন্য | ১৫টি |
| (ঘ) | ঢাকা থেকে প্রকাশিত দৈনিক পত্রিকার প্রচার সংখ্যা ১৫ হাজার থেকে ২০ হাজার পর্যন্তের জন্য | ৮টি |
| (ঙ) | ঢাকা থেকে প্রকাশিত দৈনিক পত্রিকার দৈনিক প্রচার সংখ্যা ১০ হাজার থেকে ১৫ হাজার পর্যন্তের জন্য | ৪টি |
| (চ) | ঢাকা থেকে প্রকাশিত দৈনিক পত্রিকার প্রচার সংখ্যা ৬ হাজার থেকে ১০ হাজার পর্যন্তের জন্য | ২টি |
| (ছ) | বিভাগীয় শহর থেকে প্রকাশিত দৈনিক পত্রিকার দৈনিক প্রচার সংখ্যা ২০ হাজার ও তদুর্ধ্বের জন্য (আঞ্চলিক অফিসের জন্য ৩ ও ঢাকা ব্যুরোর জন্য-২) | ৫টি |

| | | |
|---|---|---|
| (ঞ) | বিভাগীয় শহর থেকে প্রকাশিত দৈনিক পত্রিকার দৈনিক প্রচার সংখ্যা ৪ হাজার থেকে ২০ হাজার পর্যন্তের জন্য (আঞ্চলিক অফিসের জন্য-৩ ও ঢাকা ব্যুরো অফিসের জন্য-১) | ০৪টি |
| (ঝ) | জেলা থেকে প্রকাশিত দৈনিক পত্রিকার প্রচার সংখ্যা ৩ হাজার থেকে ২০ হাজার পর্যন্তের জন্য | ০২টি |

১৩.২ <u>দৈনিক সংবাদপত্র (ইংরেজী)</u>

| | | |
|---|---|---|
| (ক) | দৈনিক প্রচার সংখ্যা ২৫ হাজার থেকে তদুর্ধের জন্য | ২৫টি |
| (খ) | দৈনিক প্রচার সংখ্যা ১৫ হাজার থেকে ২৫ হাজার পর্যন্তের জন্য | ১৫ টি |
| (গ) | দৈনিক প্রচার সংখ্যা ১০ হাজার থেকে ১৫ হাজার পর্যন্তের জন্য | ১০টি |
| (ঘ) | দৈনিক প্রচার সংখ্যা ০৬ হাজার থেকে ১০ হাজার পর্যন্তের জন্য | ০৫টি |
| (ঙ) | চট্টগ্রাম থেকে প্রকাশিত দৈনিক পত্রিকার দৈনিক প্রচার সংখ্যা ৪ হাজার থেকে ২০ হাজার পর্যন্তের জন্য | ০৫টি |
| (চ) | ঢাকা ও চট্টগ্রামের ছাড়া অন্যান্য স্থান থেকে প্রকাশিত দৈনিক আঞ্চলিক পত্রিকার দৈনিক প্রচার সংখ্যা ৩ হাজার থেকে ২০ হাজার পর্যন্তের জন্য | ০৩টি |

১৩.৩ <u>সাপ্তাহিক</u>

| | | |
|---|---|---|
| (ক) | সাপ্তাহিক প্রচার সংখ্যা ৫০ হাজার এবং তদুর্ধের জন্য | ০৫টি |
| (খ) | সাপ্তাহিক প্রচার সংখ্যা ৩০ হাজার থেকে ৫০ হাজার পর্যন্তের জন্য | ০৩টি |
| (গ) | সাপ্তাহিক প্রচার সংখ্যা ৩ হাজার থেকে ৩০ হাজার পর্যন্তের জন্য | ০২টি |
| (ঘ) | চট্টগ্রাম থেকে প্রকাশিত সাপ্তাহিকীর সাপ্তাহিক প্রচার সংখ্যা ২ হাজার থেকে ৩০ হাজার পর্যন্তের জন্য | ০২টি |
| ঙ) | ঢাকা ও চট্টগ্রামের বাইরে থেকে প্রকাশিত সাপ্তাহিকীর সাপ্তাহিক প্রচার সংখ্যা ১ হাজার থেকে ৩০ হাজার পর্যন্তের জন্য | ০২টি |
| চ) | পাক্ষিক পত্রিকার পাক্ষিক প্রচার সংখ্যা ৩ হাজার থেকে ১০ হাজারের জন্য | ০২টি |
| ছ) | পাক্ষিক প্রচার সংখ্যা ১০ হাজার বা তদুর্ধের জন্য | ০২ টি |

১.৪ <u>নিউজ এজেন্সি</u>

| | | |
|---|---|---|
| ক) | টেলিগ্রাফ/ইলেকট্রনিক/ইন্টারনেটের মাধ্যমে ২০টি গ্রাহককে ইংরেজীতে এবং ৪০টি গ্রাহককে বাংলায় সংবাদ সরবরাহকারী জাতীয় নিউজ এজেন্সির জন্য | ২৪টি |
| খ) | টেলিগ্রাফ/ইলেকট্রনিক/ইন্টারনেটের মাধ্যমে ১০টি গ্রাহককে ইংরেজীতে এবং ২০টি গ্রাহককে বাংলায় সরবরাহকারী বার্তা সংস্থার জন্য | ১০টি |
| গ) | কমপক্ষে ১০টি গ্রাহককে ফটো সরবরাহকারী নিউজ ফটো এজেন্সির জন্য | ০৫টি |
| ঘ) | কমপক্ষে ১০টি গ্রাহককে ফিচার সরবরাহকারী ফিচার এজেন্সির জন্য | ০৫টি |

জাতীয় টেলিভিশন

| | |
|---|---|
| টেরিস্টোরিয়াল বা স্যাটেলাইট আপলিংকিং সুবিধাসহ জাতীয় টেলিভিশন চ্যানেল বিটিভির জন্য | ২৪টি |

১৩.৫ বাংলাদেশ বেতার

| | |
|---|---|
| বাংলাদেশ বেতারের জন্য | ২০টি |

১৩.৬ বেসরকারি টেলিভিশন চ্যানেল

| | |
|---|---|
| স্যাটেলাইট আপলিংকিং সুবিধাসহ বেসরকারি টেলিভিশন চ্যানেলের জন্য | ২৪টি |

১৩.৭ বেসরকারি রেডিও

| | |
|---|---|
| বেসরকারি রেডিওর জন্য | ১০টি |

-০০-